গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-১

নং-স্বমঃ/কাপি-১/৯৯(জেল-১)- ৫০৫

তারিখ ঃ ২৮/১০/২০০৩

বিষয় ঃ ঢাকা কেন্দ্রীয় কারাগারের মজুদ হতে গোলাবারুদ রাজশাহী কেন্দ্রীয় কারাগারে স্থানান্তরের জন্য পুলিশ স্কট মোতায়েন প্রসঙ্গে।

সূত্র ঃ কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/অস্ত্র-১৪/২০০৩/২০৩৯, তাং-২১/৯/২০০৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে কারা অধিদপ্তর থেকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ পূর্বক কারা বিভাগের অস্ত্র গোলাবারুদ ও মূল্যবান সম্পদ স্থানান্তরের নিমিত্তে পুলিশ স্কট মোতায়েন করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত ঃ ৬ (ছয়) পাতা।

( কামরুন নাহার খানম )
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬০৫৩৭

মহা পুলিশ পরিদর্শক
পুলিশ সদর দপ্তর
ঢাকা।

অবগতির জন্য ঃ

কারা মহা পরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

গোপনীয়

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কারা অধিদপ্তর**

৩০/৩ উমেশ দত্ত রোড,বকশীবাজার, ঢাকা-১২১১

www.prison.gov.bd

স্মারক সংখ্যা ৪৪.০৭.০০০০.০৩২.০১.০২০.২০১৫- ৯৯৬ তারিখঃ ২৬ কার্তিক ১৪২২ বঙ্গাব্দ / ১০ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **কারাগারের নিরাপত্তা নিশ্চিত কল্পে বিশেষ নির্দেশনা।**

১। কারাগার সমূহের বিশেষ নিরাপত্তা নিশ্চিত এবং সুদৃঢ় করার প্রয়োজনে নিম্নের বিশেষ ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হলো ঃ

| | |
|---|---|
| ক। | নিরাপত্তার বিষয়ে তাৎক্ষনিক বিশেষ দরবার আয়োজন করে সকলকে সতর্ক করতে হবে; |
| খ। | বর্তমান পরিস্থিতিতে পোষাকধারীগণ হামলার লক্ষ্য বস্তুতে পরিণত হবার আশংকা আছে বিধায় কারারক্ষীদের কর্তব্য পালনে এবং ব্যক্তিগত কাজে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে; |
| গ। | দর্শণার্থীদের তল্লাশী কার্যক্রম জোরদারসহ তাদের গতিবিধির প্রতি নজর দারী বাড়াতে হবে; |
| ঘ। | কারা এলাকায় সরকারী গাড়ী ব্যতিত অন্যান্য গাড়ীর প্রবেশে নিয়ন্ত্রণ করতে হবে; |
| ঙ। | নিরাপত্তার বিষয় বিশ্লেষণ করতঃ বন্দীদের ব্যবহার্য ১ ব্যান্ড রেডিওসহ সকল ইলেকট্রনিক যন্ত্রপাতি প্রত্যাহার করতঃ এর ব্যবহার সম্পূর্ণ বন্ধ রাখতে হবে। |
| চ। | সিসিটিভি সম্পূর্ণরূপে রেকর্ডিং সিষ্টেমসহ সচল রাখতে হবে। অচল সিসিটিভি থাকলে উহা সচল করতে হবে এবং ১২-১১-২০১৫ তারিখের মধ্যে সমাপনী প্রতিবেদন কারা অধিদপ্তরে প্রেরণ করতে হবে; |
| ছ। | সকল পর্যবেক্ষণ টাওয়ারে সার্চ লাইটের ব্যবস্থাসহ সকল জায়গায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে এবং ১২-১১-২০১৫ তারিখের মধ্যে সমাপনী প্রতিবেদন কারা অধিদপ্তরে প্রেরণ করতে হবে; |
| জ। | আরপি গেট সব সময় বন্ধ রাখতে হবে। শুধুমাত্র পকেট গেট খোলা থাকবে;যানবাহন প্রবেশে নিয়ন্ত্রণ এর পাশাপাশি মটর সাইকেল আরোহীদের প্রতি বিশেষ নজর রাখতে হবে। |
| ঝ। | কারা এলাকায় নিরাপত্তা টহল বৃদ্ধি করতে হবে; |

২। অতএব, কারাগারের নিরাপত্তা জোরদার করণের স্বার্থে উপরোক্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

১০/১১/১৫

( এ,কে,এম ফজলুল হক )

কারা উপ মহাপরিদর্শক(সদর দপ্তর)

পক্ষে-কারা মহাপরিদর্শক।

ফোন ঃ ৭৩০০৪০০(দপ্তর)

**কার্যার্থে বিতরণ ঃ**

১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ।

২। সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার

৩। জেল সুপার
সকল জেলা কারাগার।

Security -1

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/ইএস-১/৯১/১৬৩(৭৬)

তারিখ ০৫ ভাদ্র'৯৮
১৯ আগষ্ট ইং

প্রেরকঃ- কর্নেল মোঃ ইনকানদার হোসেন
মহা কারা পরিদর্শক, বাংলাদেশ ।

প্রাপকঃ- উপ-মহা কারা পরিদর্শক,
সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার ।

তত্ত্বাবধায়ক,
সকল জেলা, উপ ও উপজেলা কারাগার ।

বিষয়ঃ- কারাগার সমূহে সংঘটিত যে কোন দুর্ঘটনা সম্পর্কে সরকারকে অবহিত করন প্রসংগে ।

বরাতঃ- অত্র অধিদপ্তরের সর্বশেষ স্মারক নং পিডি/ইএস-১/৮৬/১৭৮(৬৪) তাং ২৩-৬-৮৮ইং/ ৫-৩-৯১তাং (অনুলিপি সংযুক্ত)

লক্ষ্য করা যাইতেছে যে, অত্র অধিদপ্তরের উল্লেখিত স্মারকের মাধ্যমে সকল কারাগারে প্রেরিত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ২৮/মিন/এইচ এ (জেনল-১) তারিখ ২৯-৮-৭৭ এর নির্দেশ সমূহ অধিকাংশ কারাগার কর্তৃক যথাযথ ভাবে পালিত হইতেছে না । উক্ত নির্দেশ যথাযথভাবে পালনের জন্য সকলকে কঠোরভাবে সতর্ক করা যাইতেছে । এই নিয়মের ব্যতিক্রম ঘটিলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর মনোভাব পোষন করা হইবে ।

মোঃ ইনকানদার হোসেন
কর্নেল
মহা কারা পরিদর্শক
বাংলাদেশ ।

৩, হাই/
২১-৮-৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/স-২/২০০৮/১৭৭ (৪) তারিখঃ ০৯-৬-২০০৮ খ্রিঃ

প্রেরক : কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ
সকল বিভাগীয় দপ্তর।

বিষয় : কারা বিধি ৪৬২ ধারা মোতাবেক রাত্রীকালীন ডিউটি চেকিং নিশ্চিতকরণ

১। কারা বিধি ৪৬২ ধারায় ডেপুটি জেলার, জেলার এবং জেল সুপার/ সিনিয়র জেল সুপার কর্তৃক আকস্মিক পরিক্রমার মাধ্যমে রাত্রিকালীন ডিউটি চেকিং এর সুস্পষ্ট নির্দেশ রয়েছে। অধীন কারাগারসমূহে এ নির্দেশনার কঠোর বাস্তবায়ন নিশ্চিত করার অনুরোধ করা হল। পরিক্রমার স্থায়িত্বকাল জেলা কারাগারের ক্ষেত্রে ৩০ মিনিট এবং কেন্দ্রীয় কারাগারের ক্ষেত্রে ৪৫ মিনিটের কম হবে না।

২। বর্তমান প্রেক্ষাপটে ইহার অতিরিক্ত জেলার এবং জেল সুপার বা সিনিয়র জেল সুপার প্রত্যেককে সপ্তাহে ন্যূনপক্ষে আরো একবার করে রাত্রিকালীন (বিশেষ করে গভীর রাত্রে) অনুরূপ পরিক্রমার মাধ্যমে প্রতিটি ডিউটি স্থলে গিয়ে প্রহরা চেকিং করা এবং এ দপ্তরের ২২-৫-২০০৮ তারিখের পিডি/স-২/২০০৮/১৬১(৭০) নং স্মারকের নির্দেশ মোতাবেক চেকিং এর ফলাফল আপনার নিকট দাখিল এবং পরীক্ষাকরণ নিশ্চিত করারও অনুরোধ করা হল।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

**কারা উপ মহা পরিদর্শকের কার্যালয়**
**চট্টগ্রাম ও সিলেট বিভাগ**
**সদর দপ্তর, কুমিল্লা।**

স্মারক নং-কুম/সার্কুলার (বিবিধ)-১/২০০৮/ ১৭৭০ (১৫) তারিখ- ১৭ জুন'২০০৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ~~সিনিয়র জেল সুপার~~/জেল সুপার, ফেনী কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হ'ল।

নির্দেশ মোতাবেক চেকিং এর ফলাফল অত্র দপ্তর জ্ঞাত করার জন্যও অনুরোধ করা যাচ্ছে।

১৭/৬/০৮
কারা উপ মহা পরিদর্শক
চট্টগ্রাম ও সিলেট বিভাগ
সদর দপ্তর, কুমিল্লা।

স্মারক নং-কুম/সার্কুলার (বিবিধ)-১/২০০৮/ (১৫)/১ তারিখ- জুন'২০০৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা বরাবরে প্রেরণ করা হ'ল। এ প্রসঙ্গে কারা অধিদপ্তরের স্মারক নং-পিডি/স-২/২০০৮/১৭৭(৪) তারিখ-০৯/০৬/২০০৮ খ্রিঃ উল্লেখ্য।

//
কারা উপ মহা পরিদর্শক
চট্টগ্রাম ও সিলেট বিভাগ
সদর দপ্তর, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা

স্মারক নং পিডি/পরি-১০/২০০৯/৮৩২(৭১) তারিখঃ ১০-৩-২০০৯ ইং

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগীয় দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

**বিষয় ঃ কারাভ্যন্তরে অনাকাঙ্খিত ঘটনা সংঘঠিত হওয়া প্রসঙ্গে**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ছোট-খাট ঘটনা নিয়ে হাজতী-কয়েদীদের মধ্যে মারামারি কোন কোন ক্ষেত্রে বন্দীদের সাথে কারারক্ষীদের হাতাহাতি ও ধস্তাধস্তি আবার কোন কোন ক্ষেত্রে কারারক্ষীদের মধ্যে মারামারির মত অনাকাঙ্খিত ঘটনা ঘটছে, যা মোটেও কাম্য নহে। এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা এড়ানোর লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হ'ল ঃ

ক। বিধি অনুযায়ী বন্দীদের প্রাপ্য সকল সুযোগ-সুবিধা প্রদান নিশ্চিত করা ;

খ। কারা বিধি অনুযায়ী বন্দীর আত্মীয়-স্বজনদের সাথে দেখা-সাক্ষাত নিশ্চিত করা ;

গ। নির্ধারিত তারিখ ও সময়ে যথাযথ পুলিশ প্রহরার মাধ্যমে আদালতে হাজিরা নিশ্চিত করা ;

ঘ। ব্রেকিং ফাইল যাতে না হয় সে ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা ;

ঙ। গোসলের সময়ে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করা ;

চ। রান্না করা খাবার সময়মত সরবরাহ নিশ্চিত করা ;

ছ। নিয়মিত ও আকস্মিকভাবে পরিদর্শন কার্যক্রম জোরদার করা ;

জ। প্রধান কারারক্ষী/কারারক্ষী/মহিলা কারারক্ষীদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন এবং যথাসময়ে তাদের কারাভ্যন্তরে কর্তব্যে গমন নিশ্চিত করা ; ও

ঝ। কারারক্ষী/মহিলা কারারক্ষীসহ সকল কারা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যাতে মারামারির মত অনাকাঙ্খিত ঘটনা না ঘটে সে জন্য রোল কলে/দরবারে আলোচনা করা।

২। অধিকন্ত কারা বিধি ও এতদসংক্রান্ত বিধি বিধান এবং এ অধিদপ্তর হতে সময়ে সময়ে জারীকৃত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করা।

৩। কোন প্রকার অনাকাঙ্খিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে- মর্মে সর্তক করা হলো।

(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/পরি-১০/২০০৯/৮৩২/১ তারিখঃ ১০-৩-২০০৯ ইং

অনুলিপি সদয় অবগতির সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (দৃঃ আঃ যুগ্ম সচিব, প্রশাসন) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা জন্য প্রেরণ করা হল।

(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/পরি-১০/২০০৯/৮৩২(৭১) তারিখঃ ১০-৩-২০০৯ ইং

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগীয় দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **কারাভ্যন্তরে অনাকাঙ্খিত ঘটনা সংঘঠিত হওয়া প্রসঙ্গে**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন ছোট-খাট ঘটনা নিয়ে হাজতী-কয়েদীদের মধ্যে মারামারি কোন কোন ক্ষেত্রে বন্দীদের সাথে কারারক্ষীদের হাতাহাতি ও ধস্তাধস্তি আবার কোন কোন ক্ষেত্রে কারারক্ষীদের মধ্যে মারামারির মত অনাকাঙ্খিত ঘটনা ঘটছে, যা মোটেও কাম্য নহে। এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা এড়ানোর লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হ'ল ঃ

ক। বিধি অনুযায়ী বন্দীদের প্রাপ্য সকল সুযোগ-সুবিধা প্রদান নিশ্চিত করা ;

খ। কারা বিধি অনুযায়ী বন্দীর আত্নীয়-স্বজনদের সাথে দেখা-সাক্ষাত নিশ্চিত করা ;

গ। নির্ধারিত তারিখ ও সময়ে যথাযথ পুলিশ প্রহরার মাধ্যমে আদালতে হাজিরা নিশ্চিত করা ;

ঘ। ব্রেকিং ফাইল যাতে না হয় সে ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা ;

ঙ। গোসলের সময়ে পানি সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে স্থানীয় বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করা ;

চ। রান্না করা খাবার সময়মত সরবরাহ নিশ্চিত করা ;

ছ। নিয়মিত ও আকস্মিকভাবে পরিদর্শন কার্যক্রম জোরদার করা ;

জ। প্রধান কারারক্ষী/কারারক্ষী/মহিলা কারারক্ষীদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন এবং যথাসময়ে তাদের কারাভ্যন্তরে কর্তব্যে গমন নিশ্চিত করা ; ও

ঝ। কারারক্ষী/মহিলা কারারক্ষীসহ সকল কারা কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে যাতে মারামারির মত অনাকাঙ্খিত ঘটনা না ঘটে সে জন্য রোল কলে/দরবারে আলোচনা করা।

২। অধিকন্ত কারা বিধি ও এতদসংক্রান্ত বিধি বিধান এবং এ অধিদপ্তর হতে সময়ে সময়ে জারীকৃত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করা।

৩। কোন প্রকার অনাকাঙ্খিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে-মর্মে সর্তক করা হলো।

১০/৩/০৯
(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/পরি-১০/২০০৯/৮৩২/১ তারিখঃ ১০-৩-২০০৯ ইং

অনুলিপি সদয় অবগতির সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (দৃঃ আঃ যুগ্ম সচিব, প্রশাসন) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা জন্য প্রেরণ করা হল।

(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

(2)

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MINISTRY OF HOME AFFAIRS
JAILS -I WING.

(6)

From : Mr. A.K.L.Karim,
Section Officer, Govt. of Bangladesh.

To : The Inspector-General of Prisons, Bangladesh.

Memo.No. 167/Min/HA-J(I) dated Dacca, the 1.3.72.

Subject: Retention of staff for security arrangement in the Central Jails.

Reference: His Memo.No.365/MET-8/71 dated 29.5.72.

Sanction is accorded to the retention of the following temporary posts in each of Central Jails at Dacca, Rajshahi, Chittagong and Jessore as sanctioned in G.O.No.211-HJ(I), dated 6.8.71 on the existing terms and conditions for further period of one year with effect from 1.6.72 or till no longer required whichever is earlier.

| | | |
|---|---|---|
| 1. Dy. Jailor | ...... | one post. |
| 2. Head Warders. | ...... | one post. |
| 3. Warders | ...... | one post. |

2. The charges will be met from the grant under appropriate head in the "28-Jails and Convict Settlements" budget for 1972-73

3. The Accountant-General, Bangladesh has been informed.

6/6/72

Sd/- A.K.L.Karim,
Section Officer.

Memo.No.148(4)/MET-8/71 dt.

Copy forwarded to the Dy.Inspector-General of Prisons, ______________ Division, Central Jail, ____________
for information and necessary action.

EB
15/6

Personal Assistant,
for Inspector-General of Prisons,
Bangladesh.

A.H/2.3.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা -১২১১।
www.prison.gov.bd.

স্মারক নং-৪৪.০৭.০০০০.০৩৩.১১.০০২.১৫-৩৯৫(৮০) তারিখ ঃ ২৬ কার্তিক ১৪২২ / ১০ নভেম্বর, ২০১৫

**বিষয় ঃ বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও স্বাস্থ্য নিরাপত্তা স্কীমের বাৎসরিক বর্ধিত চাঁদা প্রেরণ প্রসংগে।**

বরাত ঃ কারা অধিদপ্তরের স্মারক নং ৪৪.০৭.০০০০.০২২.০৩.০১৬.১৫-৫১০(১০০) তারিখঃ ১০/০৮/২০১৫ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গত ১৪ ও ১৫ জুন ২০১৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত কারা উপ মহা পরিদর্শকগণের ত্রৈমাসিক সম্মেলনে বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্প ও স্বাস্থ্য নিরাপত্তা স্কীমের বাৎসরিক চাঁদা বৃদ্ধির বিষয়ে আলোচনা ক্রমে নিম্নরূপ বাৎসরিক চাঁদা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**বাংলাদেশ কারা কর্মচারী পরিবার নিরাপত্তা প্রকল্পের বাৎসরিক চাঁদা**

| গ্রুপ | কর্মকর্তা ও কর্মচারীগণের স্কেলভূক্ত শ্রেণী | বাৎসরিক চাঁদার পরিমাণ |
|---|---|---|
| ক | ১১ নম্বর ও তদুর্ধ সকল কর্মকর্তা | ১,৮০০/- |
| খ | ১২, ১৩ এবং ১৪ নম্বর সকল কর্মচারী | ১,২০০/- |
| গ | ১৫ এবং তদনিম্ন সকল কর্মচারী | ৮০০/- |

**কারা কর্মচারী স্বাস্থ্য নিরাপত্তা স্কীমের বাৎসরিক চাঁদা**

| গ্রুপ | কর্মকর্তা ও কর্মচারীগণের স্কেলভূক্ত শ্রেণী | বাৎসরিক চাঁদার পরিমাণ |
|---|---|---|
| ক | ১১ নম্বর ও তদুর্ধ সকল কর্মকর্তা | ১,০০০/- |
| খ | ১২, ১৩ এবং ১৪ নম্বর সকল কর্মচারী | ৭০০/- |
| গ | ১৫ এবং তদনিম্ন সকল কর্মচারী | ৫০০/- |

অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রত্যেক সদস্যের নভেম্বর/২০১৫ মাসের বেতন হতে উল্লেখিত হারে চাঁদা কর্তন করে ২০১৬ সন হতে বাৎসরিক চাঁদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**বিভাগীয় দপ্তর, ঢাকা**

পত্র নং- ৪৪.০৭.২৬০০.০৬১.০২.০০১.১৫- ২৭৬৮(২১) তারিখঃ ১১/১১/২০১৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও উপরোক্ত নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/ তত্ত্বাবধায়ক ...............কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবর প্রেরণ করা হ'ল।

১১/১১/১৫
কারা উপ-মহা পরিদর্শক (অঃ দাঃ)
ঢাকা বিভাগ, ঢাকা।

পত্র নং- ৪৪.০৭.২৬০০.০৬১.০২.০০১.১৫- ২৭৬৮(১) তারিখঃ ১১/১১/২০১৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করা হ'ল।

১১/১১/১৫
কারা উপ-মহা পরিদর্শক (অঃ দাঃ)
ঢাকা বিভাগ, ঢাকা।

খ। বর্তমান নিরাপত্তা সেলের প্রধান নির্দেশিত হয়ে আকস্মিক যে কোন কারাগার পরিদর্শন পূর্বক প্রাপ্ত তথ্য কারাগারের সুপার, সংশ্লিষ্ট ডি আইজি এবং কেন্দ্রীয় দপ্তরকে অবহিত করতে পারবেন ।

২। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী নিরাপত্তা ইউনিটের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হল ।

( মোঃ গোলাম হায়দার)
কারা উপ মহা পরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে-কারা মহা পরিদর্শক ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নং পিডি/এমইটি-১৪/২০০৯/ ১৩২ (৬৬) তারিখ ঃ ২৯-৪-২০০৯ খ্রিঃ।

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা .

প্রাপক ঃ কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর ।
সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ।

বিষয় ঃ **নিরাপত্তা সেলের কার্যক্রম প্রসংগে ।**

১। উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, কারা বিভাগের নিরাপত্তা সেলের কার্যক্রম ১৪-১২-২০০৫ ইং তারিখ হতে আরম্ভ করা হয় । নিরাপত্তা সেলের বিষয়ে বর্তমানে তদন্ত কার্যক্রম প্রক্রিয়াধীন । তদন্ত কমিটির সুপারিশ না পাওয়া পর্যন্ত নিরাপত্তা সেলের কার্যক্রম নিম্নরুপ ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক। নিরাপত্তা রক্ষীগণ কারাগারের উদ্ভুত সমস্যা সমূহ কারা তত্ত্বাবধায়ক এর নিকট উপস্থাপন করবেন । তিনি সমস্যা সমূহ বিবেচনা পূর্বক যথা সমীচিন তড়িৎ ব্যবস্থা গ্রহন করবেন । যে সকল সমস্যার সমাধান তিনি প্রদান করতে পারবেন না তা সমাধানের জন্য সংশ্লিষ্ট ডি আইজিকে লিখবেন । সংশ্লিষ্ট ডি আইজি ঐ সকল সমস্যার সমাধান দিবেন । যে সকল সমস্যার সমাধান তিনি দিতে পারবেন না তা সমাধানের জন্য কেন্দ্রীয় নিরাপত্তা ইউনিটকে অবগত করবেন । এ সকল সমস্যা কেন্দ্রীয় নিরাপত্তা দপ্তরের ডি আইজি সুপারিশসহ সমাধানের জন্য আই জি মহোদয়ের নিকট উপস্থাপন করবেন । আইজি মহোদয় সমস্যা সমুহ বিবেচনা পূর্বক সমাধানের প্রয়োজনীয় নির্দেশাবলী প্রদান করবেন ।

চলমান পাতা/২

Sa-2nd-86

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নং পিডি/এমইটি-১৪/২০০৯/ ১৩২ (৬৬) তারিখ ঃ ২৯ -৪-২০০৯ খ্রিঃ।

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা .

প্রাপক ঃ কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর ।
সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ।

বিষয় ঃ **নিরাপত্তা সেলের কার্যক্রম প্রসংগে ।**

১। উপর্যুক্ত বিষয়ে উল্লেখ করা যাচ্ছে যে, কারা বিভাগের নিরাপত্তা সেলের কার্যক্রম ১৪-১২-২০০৫ ইং তারিখ হতে আরম্ভ করা হয় । নিরাপত্তা সেলের বিষয়ে বর্তমানে তদন্ত কার্যক্রম প্রক্রিয়াধীন । তদন্ত কমিটির সুপারিশ না পাওয়া পর্যন্ত নিরাপত্তা সেলের কার্যক্রম নিম্নরুপ ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় ।

ক। নিরাপত্তা রক্ষীগণ কারাগারের উদ্ভুত সমস্যা সমূহ কারা তত্ত্বাবধায়ক এর নিকট উপস্থাপন করবেন । তিনি সমস্যা সমূহ বিবেচনা পূর্বক যথা সমীচিন তড়িৎ ব্যবস্থা গ্রহন করবেন । যে সকল সমস্যার সমাধান তিনি প্রদান করতে পারবেন না তা সমাধানের জন্য সংশ্লিষ্ট ডি আইজিকে লিখবেন । সংশ্লিষ্ট ডি আইজি ঐ সকল সমস্যার সমাধান দিবেন । যে সকল সমস্যার সমাধান তিনি দিতে পারবেন না তা সমাধানের জন্য কেন্দ্রীয় নিরাপত্তা ইউনিটকে অবগত করবেন । এ সকল সমস্যা কেন্দ্রীয় নিরাপত্তা দপ্তরের ডি আইজি সুপারিশসহ সমাধানের জন্য আই জি মহোদয়ের নিকট উপস্থাপন করবেন । আইজি মহোদয় সমস্যা সমুহ বিবেচনা পূর্বক সমাধানের প্রয়োজনীয় নির্দেশাবলী প্রদান করবেন ।

খ। বর্তমান নিরাপত্তা সেলের প্রধান নির্দেশিত হয়ে আকস্মিক যে কোন কারাগার পরিদর্শন পুর্বক প্রাপ্ত তথ্য কারাগারের সুপার, সংশ্লিষ্ট ডি আইজি এবং কেন্দ্রীয় দপ্তরকে অবহিত করতে পারবেন ।

২। অতএব,উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী নিরাপত্তা ইউনিটের কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হল ।

২১।৪।২০০৭

( মোঃ গোলাম হায়দার)
কারা উপ মহা পরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে-কারা মহা পরিদর্শক ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/পিএসইউ/০৬/ ৬৬ (৭০)  তারিখঃ- ১৯/১১/২০০৬ ইং।

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয়ঃ- কারা নিরাপত্তা সদস্যদের কর্তব্যে সহায়তা প্রদান প্রসংগে।

১। কারা বিভাগের নিজস্ব নিরাপত্তা ইউনিটের সদস্যবৃন্দ দেশের প্রায় প্রতিটি কারাগারে বর্তমানে কর্মরত আছে। তারা কারাগারের নিরাপত্তার বিষয়ে এবং বন্দীব্যবস্থা তথা সার্বিক কারা ব্যবস্থাপনার উন্নয়নে কর্তৃপক্ষকে সহযোগিতা করছে, যা অত্র বিভাগের প্রশাসনিক গতিশীলতা আনয়ন ও ভাবমূর্তি উন্নয়নে বিশেষ ভুমিকা রাখছে। এমতাবস্থায় নিরাপত্তা সদস্যদের কাজে সহযোগীতা করার জন্য সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশ প্রদান করা হ'ল।

২। তবে এক্ষেত্রে উল্লেখ করা যেতে পারে যে, নিরাপত্তা সদস্যরা উপরোল্লিখিত দায়িত্ব পালনে যদি শৃঙ্খলা ভঙ্গের কোন কাজ করে তা হলে তা অবিলম্বে অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

মোঃ জাকির হাসান
ব্রিগেডিয়ার জেনারেল,
কারা মহা পরিদর্শক, ঢাকা।

স্মারক নং পিডি/পিএসইউ/০৬/৬৬(৭০)/(৪)  তারিখঃ- ১৯/১১/২০০৬ ইং।

অনুলিপি অবগতির জন্য সকল কারা উপ-মহা পরিদর্শক, সকল সদর দপ্তর বরাবরে প্রেরণ করা হ'ল।

মোঃ জাকির হাসান
ব্রিগেডিয়ার জেনারেল,
কারা মহা পরিদর্শক, ঢাকা।

খা, আমীন,
========ই*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক সংখ্যা ৪৪.০৭.০০০০.০৩২.০১.০৩৬.২০১৫- ৭০৩৭

তারিখঃ ১৭ পৌষ ১৪২২ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **পুরাতন কারাগারসমূহের পেরিমিটার দেওয়ালের উচ্চতা বৃদ্ধি করণের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

১। কারা সপ্তাহ/২০১৪ উপলক্ষ্যে কারা কর্মকর্তা সম্মেলনে নিম্নোক্ত সিদ্ধান্ত হয়ঃ

"যে সকল কারাগারে পেরিমিটার দেয়ালের উচ্চতা কম, নিরাপত্তার কথা বিবেচনা করে সেগুলোর উচ্চতা বৃদ্ধি করা প্রয়োজন। পুরাতন অনেক কারাগারেরই পেরিমিটার ওয়ালের প্রয়োজনীয় ভার বহন ক্ষমতা (Load bearing capacity) না থাকায় এগুলোর উচ্চতা বৃদ্ধি করা সম্ভব নয়। পুরাতন অনেক কারাগারকে বর্তমান স্থানে রেখে বা স্থানান্তর করে নতুনভাবে নির্মাণের লক্ষ্যে প্রকল্প হাতে নেয়া হয়েছে। প্রকল্প অনুমোদিত হলে নতুনভাবে পেরিমিটার ওয়ালসহ অন্যান্য অবকাঠামো নির্মাণ করা হবে"।

২। এমতাবস্থায়, আপনার (স্থানান্তরের মাধ্যমে নতুনভাবে নির্মাণের লক্ষ্যে প্রকল্পভুক্ত কারাগার ব্যতিত) কারাগারের বিদ্যমান পেরিমিটার ওয়ালের উচ্চতা বৃদ্ধি করার লক্ষ্যে স্থানীয় গণপূর্ত বিভাগের সাথে যোগাযোগের মাধ্যমে পেরিমিটার ওয়ালের প্রয়োজনীয় ভার বহন ক্ষমতা (Load bearing capacity) থাকলে প্রাক্কলন প্রণয়ন করতঃ, যদি না থাকে তবে পুরাতন পেরিমিটার ওয়ালের পার্শ্বে দিয়ে বাহির অংশে নতুনভাবে ১৮' উচ্চতার পেরিমিটার ওয়াল নির্মাণের প্রাক্কলন প্রণয়ন করতঃ কারা অধিদপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

(স্বাক্ষরিত) ৩১/১২/১৫
( মোহাম্মদ সাজ্জাদ হোসেন )
সহকারী কারা মহাপরিদর্শক(উন্নয়ন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
ফোন ঃ ৭৩০০৫১৩(দপ্তর)

সিনিয়র জেল সুপার
সকল কেন্দ্রীয় কারাগার ( ঢাকা,কাশিমপুরস্থ সকল কারাগার,ময়মনসিংহ ব্যতিত)

জেল সুপার
সকল জেলা কারাগার ( দিনাজপুর,খুলনা,কিশোরগঞ্জ,ফেণী,মাদারীপুর,পিরোজপুর ব্যতিত)

অনুলিপিঃ

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ,
সকল সদর দপ্তর ।

15.3.15

(৭৫)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
জেল শাখা-১

নং ১ম-২৮/৯৪-জেল-১/১৭২, তারিখ : ১৩-৩-৯৫ইং

বিষয়ঃ- কারা বিভাগে কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন ও অন্যান্য বিল উত্তোলন করিয়া আনার সময় প্রহরার জন্য পুলিশ দল নিয়োগ করা প্রসংগে ।

সূত্র ঃ- তাঁহার নং পিডি/এমইটি-২৬/৯২/১৩৭০ তারিখ ঃ ১৭-১২-৯৪ইং ।

উল্লেখিত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে পুলিশ সদর দপ্তরের ২৩-২-৯৫ইং তারিখে আর এন্ড এম/১৭-৯৪/২১৪ নং স্মারকের সুব্যাখ্যাত ছায়ালিপি এতদসংগে অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে প্রেরন করা হইল ।

সংলগ্নী ঃ ১ পাতা ।

স্বাক্ষর/- দিলরুবা
সিনিয়র সহকারী সচিব ।

মহা কারা পরিদর্শক,
কারা অধিদপ্তর, ঢাকা ।

কারা অধিদপ্তর,
বাংলাদেশ, ঢাকা ।

স্মারক নং পিডি/এমইটি-২৬/৯২/(৮০) তারিখ ০২ এপ্রিল'৯৫
১৯ চৈত্র ১৪০১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ-

১। উপ-মহা কারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার ।

২। তত্ত্বাবধায়ক, সকল জেলা, উপ/ কারাগার ।

সংশ্লিষ্ট বিষয়ে বিধি অনুযায়ী কার্যক্রম গ্রহনেরজন্য অনুরোধ করা যাইতেছে ।

( সৈয়দ ছাদেকুর রহমান )
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ ।

এ, হাই/
২-৪-৯৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পুলিশ হেডকোয়ার্টাস, বাংলাদেশ, ঢাকা ।

স্মারক নং আর এন্ড এম/১৭-৯৪/২১৪ তারিখ ২৩- ০২-৯৫ইং

বরাবর,
সিনিয়র সহকারী সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জেল শাখা-১,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা ।

বিষয়ঃ- কারা বিভাগে কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন ও অন্যান্য বিল উত্তোলন করিয়া আনার সময় প্রহরার জন্য পুলিশ দল নিয়োগ করা প্রসংগে ।

সূত্র ঃ- স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ১ম-২৮/৯৪-জেল-১/১০২ তাং ২-২-৯৫ইং ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, কারা অধিদপ্তরের মাসিক বেতনের টাকা আনার জন্য পুলিশ হেডকোয়ার্টার্সের করনীয় কিছু আছে বলিয়া মনে হয় না । বিষয়টির জন্য সংশ্লিষ্ট এলাকার পুলিশ ইউনিট প্রধানের সাথে যোগাযোগ বা পত্রালাপের মাধ্যমে সমস্যা সমাধানের পদক্ষেপ নেওয়া যাইতে পারে ।

স্বাক্ষর/- এম, এন, তহুর )
পক্ষে মহা পুলিশ পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা ।